# স্নাতক ও স্নাতকোত্তর প্রোগ্রামসমূহের ফি স্ট্রাকচার রিভিউকরণ সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি

১। অত্র বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর প্রোগ্রামের ফি কাঠামো হ্রাসকরণের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা স্মারকলিপি প্রদানসহ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট দাবি উপস্থাপন করে।

২। এপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ (গত ১৪ সেপ্টেম্বর ২০২৪) ফি স্ট্রাকচার রিভিউকরণের জন্য একটি কমিটি গঠন করে। কমিটি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিদ্যমান ফি স্ট্রাকচার যাচাই বাছাই করতঃ স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে প্রোগ্রাম ফি হ্রাসের সুপারিশ করে প্রতিবেদন প্রদান করে। কমিটি কর্তৃক হ্রাসকৃত ফি কাঠামোটি ৩৯ তম অর্থ কমিটি এবং ৪০ তম সিন্ডিকেট এ উপস্থাপন করা হয়। সিন্ডিকেট কমিটি কর্তৃক প্রস্তাবিত ফি স্ট্রাকচার পুনঃবিবেচনা করে যৌক্তিকভাবে নির্ধারণ করে বাজেটের জন্য ইউজিসিতে প্রেরনের জন্য সিদ্ধান্ত প্রদান করে। পরবর্তীতে এ বিষয়ে ইউজিসির প্রতিনিধি দল, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও শিক্ষার্থীদের প্রতিনিধিদের নিয়ে একটি সমন্বয় সভা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়।

৩। সভার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের দৃষ্টি আকর্ষণের পাশাপাশি সুনির্দিষ্ট অনুশাসন প্রেরণের অনুরোধ করে গত ১৭ ডিসেম্বর ২০২৪ তারিখে বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে পত্র প্রেরণ করা হয়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন গত ০২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে প্রেরিত পত্রের আলোকে বিশ্ববিদ্যালয়কে অবগত করেন যে, "স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের বিদ্যামান ফি স্ট্রাকচার হ্রাসকরণের বিষয়টি বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ বিষয়। এ ব্যাপারে আনুষ্ঠানিকভাবে কমিশনের কিছু করনীয় নাই। কিন্তু উদ্ভূত পরিস্থিতির পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় তাদের বাৎসরিক বাজেটের বিষয় বিবেচনা করে এ সংক্রান্ত সিদ্ধান্ত নিতে পারে।" কমিশন উক্ত চিঠিতে আরও উল্লেখ করে যে, "চলতি ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত প্রাক্কলন অবশ্যই মূল বাজেটে প্রদর্শিত মোট ব্যয়সীমার (পরিচালন ও উন্নয়ন ) মধ্যে সংকুলানযোগ্য হতে হবে। কোনভাবেই অতিরিক্ত বরাদ্দ দাবী করা যাবে না।"

৪। এমতাবস্থায়, কমিশন হতে প্রাপ্ত চিঠি পর্যালোচনা করতঃ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীদের দাবী, ফি কাঠামো কমানো সংক্রান্ত কমিটির প্রতিবেদন ও সিন্ডিকেটের নির্দেশনা অনুসরণপূর্বক স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষার্থী কর্তৃক প্রদেয় ফি কমিয়ে পুনঃনির্ধারনের নিমিত্ত একটি প্রস্তাবনা তৈরী করা হয়। প্রস্তাবিত পুনঃনির্ধারিত ফি কাঠামোটি বাস্তবায়ন করা হলে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয়ে প্রায় ৫৭ লক্ষ টাকা রাজস্ব ঘাটতি দেখা দিবে। উক্ত রাজস্ব ঘাটতির অর্থ বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত বাজেটের অধিন টিএ/ডিএ, পারিতোষিক, শিক্ষা সফর, বইপত্র, অনুষ্ঠান/উৎসবাদি ইত্যাদি খাত হতে সমন্বয় করার প্রয়োজন হবে। শিক্ষার্থীদের দাবী বিবেচনাপূর্বক নিম্নবর্ণিত প্রস্তাবিত পুনঃনির্ধারিত ফি কাঠামোটি অর্থ কমিটির ৪০তম সভায় (০৯ ফেব্রুয়ারি ২০২৫) এবং সিন্ডিকেট-এর ৪২তম সভায় (১০ ফেব্রুয়ারি ২০২৫) অনুমোদন করা হয়।

| স্নাতক কোর্সসমূহ | | |
|---|---|---|
| | সর্বমোট সেমিস্টার ফি | |
| | বর্তমান | পুনঃনির্ধারিত ফি |
| OCN | ১২০৯০০.০০ | ৯৩৫০০.০০ |
| MF | ১২০০০০.০০ | ৯৩০০০.০০ |
| NAOE | ১২০৩০০.০০ | ৯২৭৫০.০০ |
| PML | ১০৫৩৭৫.০০ | ৮২৫৫০.০০ |
| LLB | ১০৮০৭৫.০০ | ৮৪৫০০.০০ |

| স্নাতকোত্তর কোর্সসমূহ | | |
|---|---|---|
| | সর্বমোট সেমিস্টার ফি | |
| | বর্তমান | পুনঃনির্ধারিত ফি |
| MPSM | ৬৩৪৫০.০০ | ৪৯৭০০.০০ |
| MMS | ৬৩০৫০.০০ | ৪৯৬০০.০০ |
| MDSS | ৫৯৪৫০.০০ | ৪৭২০০.০০ |
| MMB | ৬৪০৫০.০০ | ৫০১০০.০০ |
| MTHM | ৬৪৫৫০.০০ | ৫০৩৫০.০০ |
| MMBT | ৬৩৮৫০.০০ | ৫০৩০০.০০ |
| MOCN | ৫৬১৫০.০০ | ৪৫২৫০.০০ |
| MCRE | ৩৯৫৫০.০০ | ৩৪৮৫০.০০ |
| MNAOE | ৩৯৫৫০.০০ | ৩৪৮৫০.০০ |
| LLM | ৫৮৮৫০.০০ | ৪৬৮০০.০০ |

৫। পুনঃনির্ধারিত ফি কাঠামোটি সকল অনুষদের জন্য স্নাতক পর্যায়ে অক্টোবর ২০২৪ সেমিস্টার এবং স্নাতকোত্তর পর্যায়ে নভেম্বর ২০২৪ সেমিস্টার হতে কার্যকর করার সিদ্ধান্ত গৃহীত হয়।

কর্তৃপক্ষ
বিএসএমআর মেরিটাইম ইউনিভার্সিটি